

গ্যাসের দাম বাড়ালে কঠোর আন্দোলন : ড. কামাল

গণশুনানির নামে প্রতারণা ও এলএনজি ব্যবসায়ীদের মুনাফার স্বার্থে গ্যাসের দাম বাড়ানোর পঁয়তারা বন্ধ না করলে কঠোর আন্দোলনের কর্মসূচি দেয়া হবে বলে হমকি দিয়েছেন গণফোরামের সভাপতি ও জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ড. কামাল হোসেন।

বৃহস্পতিবার (১৪ মার্চ) গণমাধ্যমে পাঠানো গণফোরামের তথ্য ও গণমাধ্যম সম্পাদক রফিকুল ইসলাম পথিকের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে তিনি এ হমকি দেন।

বিবৃতিতে ড. কামাল হোসেন বলেন, ‘সরকারের এমন সিদ্ধান্ত মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে ব্যাহত করবে। শিল্পকারখানা, পরিবহন ব্যবস্থা হমকির মুখে পড়বে। এর প্রভাব নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য ও যাতায়াত খরচের ওপরও পড়বে।

তিনি আরও বলেন, গণশুনানির নামে গ্যাসের দাম বৃদ্ধির প্রস্তাব প্রতারণা ছাড়া আর কিছুই নয়।

এ দিকে ঐক্যফ্রন্টের সাধারণ সম্পাদক মোস্তফা মোহসীন মন্টুও এক বিজ্ঞপ্তির মাধ্যমে একই কথা বলেছেন। গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন ও সাধারণ সম্পাদক মোস্তফা মোহসীন মন্টু গ্যাসের মূল্যবৃদ্ধির প্রস্তাব প্রত্যাহারের দাবি জানান।